

Chartered Life
Secured Life



Chartered 5 Payment Plan

চার্টার্ড-পাঁচ কিস্তি বীমা

Secured Life, pleasant tomorrow

চার্টার্ড লাইফ ইন্স্যুরেন্স কোম্পানি লিমিটেড

প্রধান কার্যালয়

ইসলাম টাওয়ার, লেভেল-০৮, ৪৬৪/এইচ, ডি.আই.টি রোড, পশ্চিম রামপুরা, ঢাকা-১২১৯, বাংলাদেশ।

টেলিফোন: +৮৮ ০২-৫৫১২৮৯৫৬-৭, ফ্যাক্স : +৮৮ ০২-৫৫১২৮৯৫৮

কাস্টমার কেয়ার সার্ভিস: ৮৮-০১৭৭৭৭৭০৯৯০



mail@chartereditifebd.com



chartereditife



@chartereditifebd

www.chartereditifebd.com

মানব জীবন বৈচিত্র্যময়। জীবনে রয়েছে কখনো উত্থান আবার কখনো পতন। জীবন কখনো প্রশান্ত, কখনো অশান্ত। কখনো বসন্তের মৃদু-মন্দ হাওয়ায় মন-প্রাণ ছুঁয়ে যায়, কখনোবা কালবৈশাখী ঝড়ে গোছানো সংসার লন্ডভন্ড হয়ে যায়। তাই বসন্তে বসে প্রস্তুতি নিতে হয় বৈশাখের। তেমনি আগামীদিনের নিরাপত্তা বিধান করেই উপভোগ করতে হয় আজকের দিনটাকে। করতে হয় নিজেকে সুরক্ষিত করার পরিকল্পনা। আপনার ও আপনার প্রিয়জনের জীবনকে সকল ঝড়-ঝঞ্ঝা থেকে সুরক্ষিত করে নিরাপদ ভবিষ্যত নিশ্চিত করতে “চার্টার্ড লাইফ ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড” নিয়ে এসেছে ‘চার্টার্ড-পাঁচ কিস্তি বীমা-(মুনাফাযুক্ত)’। এই বীমার আওতায় বীমা চলাকালীন সময়ে বীমার আংশিক অর্থ আপনাকে নির্ধারিত সময়ান্তে পরিশোধ করা হবে এবং মেয়াদকালের যে কোন সময় অনাকাঙ্ক্ষিত মৃত্যু হলে পলিসি সচল থাকা সাপেক্ষে বীমাকৃত সম্পূর্ণ টাকা অর্জিত বোনাসসহ মনোনীতককে প্রদান করা হবে।

সুবিধাসমূহ

- ১) বীমার এক-পঞ্চমাংশ (১/৫) মেয়াদশেষে বীমা অংকের ১০%, দুই-পঞ্চমাংশ (২/৫) মেয়াদশেষে বীমা অংকের ১৫%, তিন-পঞ্চমাংশ (৩/৫) মেয়াদশেষে বীমা অংকের ২০%, চার-পঞ্চমাংশ (৪/৫) মেয়াদশেষে বীমা অংকের ২৫%, এবং মেয়াদপূর্তিতে অর্জিত মুনাফাসহ বীমাংকের অবশিষ্ট অর্থ প্রাপ্ত হবেন। উল্লেখ্য, অর্জিত মুনাফা মোট বীমা অংকের উপর প্রদান করা হবে।
- ২) বীমা পলিসির মেয়াদের মধ্যে যে কোন সময় বীমাগ্রাহকের অনাকাঙ্ক্ষিত মৃত্যু হলে তাঁর নমিনীকে অর্জিত মুনাফাসহ বীমা অংকের পুরো অর্থ প্রদান করা হবে।
- ৩) বীমাগ্রাহক তাঁর জরুরী প্রয়োজনে অন্তত দু’বছর প্রিমিয়াম পরিশোধ সাপেক্ষে গৃহীত বীমার বিপরীতে তার সমর্পণ মূল্যের সর্বোচ্চ ৯০% ঋণ হিসেবে গ্রহণ করতে পারবেন।
- ৪) বীমাগ্রাহক মোট বীমা অংকের উপর নির্দিষ্ট পরিমাণ আয়কর রেয়াত পাবেন এবং বীমা দাবীর মাধ্যমে প্রাপ্ত অর্থ সম্পূর্ণভাবে আয়করমুক্ত।

শর্তাবলী এবং বৈশিষ্ট্যসমূহঃ

- ১) বীমাগ্রাহকের সর্বনিম্ন বয়স ১৮ বছর এবং সর্বোচ্চ বয়স ৬০ বছর।
- ২) বীমার ন্যূনতম মেয়াদ ১০ বছর এবং সর্বোচ্চ মেয়াদ ৩০ বছর। তবে ১৫, ২০ এবং ২৫ বছর মেয়াদেও পলিসি গ্রহণ করা যাবে। উল্লেখ্য, মেয়াদপূর্তিতে বীমাগ্রাহকের বয়স হতে হবে সর্বোচ্চ ৭০ বছর।
- ৩) বীমা অংক সর্বনিম্ন পরিমাণ ৫০,০০০ (পঞ্চাশ হাজার টাকা) এবং সর্বোচ্চ পরিমাণ বীমা গ্রাহকের ইচ্ছাধীন।
- ৪) বীমাগ্রাহকের সুবিধামত বার্ষিক, ষান্মাষিক, ত্রৈমাসিক ও মাসিক ভিত্তিতে প্রিমিয়াম প্রদান করা যাবে।

“চার্টার্ড-পাঁচ কিস্তি বীমা”র সাথে বীমাগ্রাহক কিছু অতিরিক্ত প্রিমিয়াম প্রদান সাপেক্ষে নিম্নোক্ত অতিরিক্ত বীমা সুবিধাসমূহ (একত্রে নেয়া অপরিহার্য) গ্রহণ করতে পারবেন:-

১) **দুর্ঘটনাজনিত মৃত্যু ও স্থায়ী অক্ষমতা বীমা সুবিধা** (Accidental Death & Dismemberment Benefit-AD & D): যদি বীমা গ্রাহক দুর্ঘটনার কারণে মৃত্যুবরণ করেন তাহলে মৃত্যুর পরবর্তী ৯০ দিনের মধ্যে “চার্টার্ড লাইফ ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড”-এর কাছে দাবী উত্থাপন করলে (প্রয়োজনীয় কাগজপত্র প্রাপ্তি সাপেক্ষে) কোম্পানী নমিনী বা মনোনীতককে মূল বীমা অংকের দ্বিগুণ পরিমাণ অর্থ পরিশোধ করবে। অপরদিকে বীমা গ্রাহকের যদি দুর্ঘটনার ৯০ দিনের মধ্যে ঐ দুর্ঘটনাজনিত কারণে অঙ্গহানি হয়, তাহলে ক্ষতিপূরণের শিডিউল অনুযায়ী তা গ্রাহককে ক্ষতিপূরণ প্রদান করা হবে। এ সম্পর্কে পৃথকভাবে বীমা দলিলে বর্ণনা করা আছে।

২) **দুর্ঘটনাজনিত চিকিৎসা বীমা সুবিধা** (Accidental Medical Reimbursement in Hospitalization Benefit-AMR): দুর্ঘটনাজনিত কারণে কোন গ্রাহক হাসপাতালে ভর্তি হয়ে চিকিৎসা নিলে কোম্পানী গ্রাহকের মূল বীমা অংকের সর্বোচ্চ ২০% অথবা এর নিচে প্রকৃত চিকিৎসা ব্যয় পরিশোধ করবেন। এই সহযোগী বীমা অংক সর্বোচ্চ ১৫ লাখ টাকা পর্যন্ত হতে পারবে।

“চার্টার্ড-পাঁচ কিস্তি বীমা” ও “চার্টার্ড-পাঁচ কিস্তি বীমা-(গ্রাস)” এর সাথে কিছু অতিরিক্ত প্রিমিয়াম প্রদান সাপেক্ষে বীমাগ্রাহক ইচ্ছা করলে নিম্নলিখিত অতিরিক্ত সুবিধা নিতে পারবেন। এখানে উল্লেখ্য যে, উপরোক্ত সম্পূরক সুবিধাদি গ্রহণ করলেও মূল বীমার সমস্ত সুবিধা অক্ষুণ্ণ থাকবে।

ক) **“গুরুতর অসুস্থতা সুরক্ষা বীমা”** (Critical Illness Care-CIC): এই সহযোগী বীমার মেয়াদ গুরুতর প্রথম ৬ মাস অতিক্রান্তের পরে যদি বীমা গ্রাহক নির্দিষ্ট ২৫টি মারাত্মক রোগে আক্রান্ত হন, “চার্টার্ড লাইফ ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড” বীমা গ্রাহককে সহযোগী বীমা হিসাবে-“গুরুতর অসুস্থতা সুরক্ষা বীমা” সুবিধা দিবে। এই সুবিধাটি গ্রাহককে বীমার মেয়াদের মধ্যে শুধুমাত্র একবারই দেয়া হয়ে থাকে। এটি মূল বীমা অংকের সমান বা কম হতে পারে, কিন্তু তা ৫ লক্ষ টাকার বেশী হতে পারবে না। এই সম্পর্কে বীমা দলিলে পৃথকভাবে বর্ণনা করা আছে।

খ) **প্রিমিয়াম মওকুফ সুবিধা** (Waiver of Premium): দুর্ঘটনা বা অসুস্থতাজনিত কারণে ছয় মাস অতিক্রান্তের পর যদি গ্রাহক পূর্ণাঙ্গভাবে অক্ষম হয়ে যায়, তাহলে তার পরবর্তী সকল প্রিমিয়াম মওকুফ হয়ে যাবে।

গ) **মাসিক আয় বীমা সুবিধা** (Income Benefit Rider): কোন প্রিমিয়ামদাতা যদি নিজ শিশু সন্তান বা স্ত্রীকে বীমাগ্রহীতা করে “চার্টার্ড-পাঁচ কিস্তি বীমা” ও “চার্টার্ড-পাঁচ কিস্তি বীমা-(গ্রাস)” গ্রহণ করে থাকেন তবে তিনি এই সম্পূরক বীমা সুবিধাদি গ্রহণের জন্য যোগ্য হবেন। বীমার মেয়াদ পূর্তির পূর্বে প্রিমিয়ামদাতার অনাকাঙ্ক্ষিত মৃত্যু হলে অবশিষ্ট সময়ে নমিনী/মনোনীতককে বীমা অংকের ১% হারে মাসিক আর্থিক সুবিধা প্রদান করা হবে।

ঘ) **পারিবারিক সুরক্ষা বীমা সুবিধা** (Family Protection Rider): কোন প্রিমিয়ামদাতা যদি নিজ শিশু সন্তান বা স্ত্রীকে বীমাগ্রহীতা করে “চার্টার্ড-পাঁচ কিস্তি বীমা” ও “চার্টার্ড-পাঁচ কিস্তি বীমা-(গ্রাস)” গ্রহণ করে থাকেন তবে তিনি এই সম্পূরক বীমা সুবিধাদি গ্রহণের জন্য যোগ্য হবেন। এক্ষেত্রে, প্রিমিয়ামদাতা দুর্ঘটনা বা অসুস্থতাজনিত কারণে ছয় মাসের বেশী সময় পূর্ণাঙ্গভাবে অক্ষম হয়ে গেলে উক্ত পলিসির পরবর্তী সকল প্রিমিয়াম মওকুফ করা হবে।

পলিসি গ্রহণ পদ্ধতি

“চার্টার্ড-পাঁচ কিস্তি বীমা” ও “চার্টার্ড-পাঁচ কিস্তি বীমা (গ্রাস)” কেনার জন্য আপনার নিকটস্থ বিক্রয় অফিস/এজেন্সি অফিস/ইউনিট অফিসে আমাদের সংশ্লিষ্ট ফাইন্যান্সিয়াল এসোসিয়েট/ইউনিট ম্যানেজার/ব্রাঞ্চ ম্যানেজার/ সেলস ম্যানেজার-এর সাথে দ্রুত যোগাযোগ করুন। “চার্টার্ড লাইফ ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড”-এর নিবেদিত টীম আপনাকে সব ধরনের সহযোগিতা করতে বদ্ধ পরিকর।

অস্বীকৃতি

* ব্যতিক্রম ও অযোগ্যতাঃ আত্মহত্যা (আপত্তি উত্থাপনযোগ্য সময়কালের মধ্যে), যুদ্ধ অথবা এইডস এর কারণে মৃত্যু হলে এই বীমা সুরক্ষা প্রদান করবে না। ব্যতিক্রম ও অযোগ্যতা সম্পর্কে বিস্তারিত জানতে ইস্যুকৃত বীমা দলিল মনোযোগের সাথে পড়ুন।

* বীমা তামাদি হলেঃ বর্ধিত সময় (প্রদেয় তারিখ হতে ৩১ দিন পর্যন্ত) পেরিয়ে যাওয়ার পরও প্রিমিয়াম প্রদান করা না হলে এবং ন্যূনতম নগদ মূল্য অর্জিত না হলে বীমা থেকে মূল্য/সুবিধা পাওয়া যাবে না।

* বীমা সমর্পিত হলেঃ গৃহীত বীমা প্রথম দুই বছরের মধ্যে যেকোন সময় সমর্পিত হলে কোন সমর্পণ মূল্য পাওয়া যাবে না। দুই বছর পর যেকোন সময় বীমা সমর্পিত হলে, বীমাগ্রহীতা নগদ মূল্যের তালিকা অনুযায়ী সমর্পণ মূল্য প্রাপ্ত হবেন।

চার্টার্ড-পাঁচ কিস্তি বীমা (মুনাফায়ুক্ত), প্রিমিয়াম তালিকা

প্রতি ১০০০/- টাকার বার্ষিক প্রিমিয়াম

বয়স	১০	১৫	২০	২৫	৩০
২০	১১৮.০০	৮০.২০	৬১.৩০	৫০.২০	৪২.৯০
২১	১১৮.০০	৮০.২০	৬১.৪০	৫০.২০	৪৩.০০
২২	১১৮.০০	৮০.২০	৬১.৪০	৫০.৩০	৪৩.১০
২৩	১১৮.০০	৮০.২০	৬১.৪০	৫০.৪০	৪৩.৩০
২৪	১১৮.০০	৮০.২০	৬১.৫০	৫০.৫০	৪৩.৪০
২৫	১১৮.০০	৮০.২০	৬১.৫০	৫০.৬০	৪৩.৬০
২৬	১১৮.১০	৮০.৩০	৬১.৬০	৫০.৭০	৪৩.৮০
২৭	১১৮.১০	৮০.৩০	৬১.৭০	৫০.৮০	৪৪.০০
২৮	১১৮.১০	৮০.৪০	৬১.৮০	৫১.০০	৪৪.২০
২৯	১১৮.১০	৮০.৫০	৬১.৯০	৫১.২০	৪৪.৫০
৩০	১১৮.২০	৮০.৫০	৬২.১০	৫১.৪০	৪৪.৮০
৩১	১১৮.২০	৮০.৬০	৬২.২০	৫১.৬০	৪৫.১০
৩২	১১৮.৩০	৮০.৮০	৬২.৪০	৫১.৯০	৪৫.৪০
৩৩	১১৮.৪০	৮০.৯০	৬২.৬০	৫২.২০	৪৫.৮০
৩৪	১১৮.৫০	৮১.১০	৬২.৯০	৫২.৬০	৪৬.৩০
৩৫	১১৮.৬০	৮১.৩০	৬৩.২০	৫২.৯০	৪৬.৮০
৩৬	১১৮.৮০	৮১.৫০	৬৩.৫০	৫৩.৪০	৪৭.৩০
৩৭	১১৮.৯০	৮১.৮০	৬৩.৯০	৫৩.৮০	৪৭.৯০
৩৮	১১৯.২০	৮২.১০	৬৪.৩০	৫৪.৪০	৪৮.৬০
৩৯	১১৯.৪০	৮২.৪০	৬৪.৭০	৫৪.৯০	৪৯.৩০
৪০	১১৯.৭০	৮২.৮০	৬৫.২০	৫৫.৬০	৫০.১০
৪১	১২০.০০	৮৩.২০	৬৫.৮০	৫৬.৩০	
৪২	১২০.৪০	৮৩.৭০	৬৬.৪০	৫৭.০০	
৪৩	১২০.৮০	৮৪.৩০	৬৭.১০	৫৭.৯০	
৪৪	১২১.২০	৮৪.৮০	৬৭.৮০	৫৮.৮০	
৪৫	১২১.৭০	৮৫.৫০	৬৮.৬০	৫৯.৮০	
৪৬	১২২.৩০	৮৬.২০	৬৯.৫০		
৪৭	১২২.৯০	৮৭.০০	৭০.৫০		
৪৮	১২৩.৬০	৮৭.৮০	৭১.৬০		
৪৯	১২৪.৩০	৮৮.৮০	৭২.৭০		
৫০	১২৫.১০	৮৯.৮০	৭৪.০০		
৫১	১২৬.০০	৯০.৯০			
৫২	১২৭.০০	৯২.১০			
৫৩	১২৮.০০	৯৩.৫০			
৫৪	১২৯.২০	৯৪.৯০			
৫৫	১৩০.৪০	৯৬.৫০			
৫৬	১৩১.৮০				
৫৭	১৩৩.৩০				
৫৮	১৩৫.০০				
৫৯	১৩৬.৮০				
৬০	১৩৮.৮০				

প্রিমিয়াম প্রদান রীতি ষান্মাসিক বা ত্রৈমাসিক হলে প্রদেয় বাৎসরিক প্রিমিয়ামকে যথাক্রমে ০.৫২৫ অথবা ০.২৭৫ (যেটা প্রযোজ্য) দিয়ে গুণ করে প্রিমিয়াম কিস্তি নির্ধারণ করতে হবে।

দ্রষ্টব্যঃ এটি একটি ব্যাখ্যামূলক পুস্তিকা, কোন চুক্তি বা স্মারক নয়। বীমা দলিলে আপনার গৃহীত বীমার পরিধি ও শর্তাবলী পূর্ণাঙ্গভাবে বিবৃত থাকবে।

Chartered Life Insurance Company Ltd

Head Office

Islam Tower, Level-08, 464 /H , D.I.T Road , West Rampura
Dhaka-1219, Bangladesh.

Tel: +88 02-55128956-7 Fax: +88 02-55128958

Customer Care Service: 88-0177770990

Web.: www.charterredlifebd.com